

## প্রেস বিজ্ঞপ্তি

### টেকসই উন্নয়ন নিশ্চিত করতে তরুণ উদ্যোক্তাদের জন্য মসৃণ পথ বিনির্মাণের আহ্বান জানিয়েছেন নাগরিক সমাজ!

আজ ৫ই এপ্রিল, ২০২২, বৃহস্পতিবার সকাল ১০ টায় 'ব্র্যাক সেন্টার ইন' এর সম্মেলন কক্ষে সেন্টার ফর পার্টিসিপেটরি রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (সিপিআরডি), ব্র্যাক বিশ্ববিদ্যালয়, দ্বীপ উন্নয়ন সংস্থা, মানব মুক্তি সংস্থা, পিপল'স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন, প্রয়াস মানবিক উন্নয়ন সোসাইটি এবং সুশীলন এর উদ্যোগে 'ঢাকা সংলাপ: উদ্যোক্তা হিসাবে তরুণ সমাজ - সম্ভাবনা ও চ্যালেঞ্জ' শীর্ষক নাগরিক মতবিনিময় সভার আয়োজন করা হয়। বেঙ্গল ডেল্টা অঞ্চলে তরুণ সমাজের উদ্যোগমূলক কাজের সম্ভাবনা এবং আগামীর পথের রূপরেখা উন্মোচন করতে একটি গবেষণার অংশ হিসাবে এই সংলাপের আয়োজন করা হয়। সংলাপটিতে উদ্বোধনী অধিবেশনের পরে তিনটি এক্সপার্ট সেশন অনুষ্ঠিত হয়।

সংলাপে সূচনা বক্তব্য উপস্থাপন করেন সিপিআরডি'র প্রধান নির্বাহী জনাব মো: শামসুদোহা, লিখিত বক্তব্য উপস্থাপন করেন ল্যান্ডস্কাপ্টার বিশ্ববিদ্যালয়ের প্রভাষক জনাব ড. মনোজ রায়। এছাড়াও বক্তব্য রাখেন সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক জনাব আইয়ুব খান, মহিলা বিষয়ক অধিদপ্তরের সহকারী পরিচালক লাখসানা লাকী, যুবউন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক মো: শওকত আলী, অর্থ মন্ত্রণালয়ের সি.বি.আই বিশেষজ্ঞ তুষার কণা খন্দকার সহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এবং নাগরিক সংগঠনের কর্মকর্তা ও প্রতিনিধিবৃন্দ।

সংলাপের সূচনা বক্তব্যে সিপিআরডি'র নির্বাহী প্রধান জনাব মো: শামসুদোহা বলেন, তরুণ সমাজের বাংলাদেশ বিনির্মাণে অনেক কিছু করার আছে। বাংলাদেশের অতীত ইতিহাস পর্যালোচনা করলে এদেশের তরুণ-তরুণীদের গৌরবান্বিত ভূমিকা দেখতে পাওয়া যায়। জলবায়ু পরিবর্তনের এই সময়ে বাংলাদেশের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে এবং জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলা করতে তরুণ সমাজকে এগিয়ে আসতে হবে। বর্তমান সময়ের পরিবেশ পরিস্থিতিতে আমাদের চেনা-জানা কাজের বাইরে গিয়ে ভাবতে হবে। জলবায়ু পরিবর্তন ও এর বিরূপ প্রভাব মোকাবেলা করেই উদ্যোগমূলক কর্মকাণ্ডকে এগিয়ে নিয়ে যেতে হবে। উদ্যোগমূলক কাজের ক্ষেত্রে পরিবেশবান্ধব প্রযুক্তি এবং বাংলাদেশের ভূ-প্রাকৃতিক পরিবেশ পরিস্থিতিকে বিবেচনায় নেওয়ার প্রতি তিনি তাগিদ দেন। তিনি আরও বলেন, আমাদের দেশে মানুষের মধ্যে কাজের প্রতি এক ধরনের অনীহা কাজ করে, বিশেষ করে আমরা কাজগুলোকে শ্রেণীবিভক্ত করে ফেলি যেটি কোন ভাবেই উচিত নয়; আমাদের কাজকে কাজ হিসাবেই মূল্যায়ন করতে হবে। তিনি নীতি নির্ধারণী ব্যক্তিবর্গের প্রতি আহ্বান জানিয়ে বলেন বাংলাদেশে উদ্যোগমূলক কাজের পথে সবথেকে বড় বাধা হচ্ছে তরুণ সমাজের জন্য আর্থিক এবং কারিগরি সহযোগিতার অপ্রতুলতা। আমাদের দেশে বিভিন্ন সরকারি বেসরকারি অফিস, ব্যাংক, বীমা প্রতিষ্ঠানে কাজের দীর্ঘসূত্রিতা, নীতিগত জটিলতা, সুষ্ঠু উদ্যোগমূলক কাজের পরিবেশ ইত্যাদি বাধাগুলো তরুণদের চলার গতিকে বিনষ্ট করে। তরুণ সমাজের সামনে থেকে সকল প্রকার বাধা অপসারণ করার আহ্বান জানান তিনি।

ড. মনোজ রায় তার বক্তব্যের শুরুতে গবেষণা কার্যক্রমটির ব্যাপ্তি, লক্ষ্য এবং উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন। তিনি বলেন সময়ের সাথে সাথে আমাদের দেশের উদ্যোগমূলক কাজের সুযোগ এবং সম্ভাবনা দুটিই বৃদ্ধি পাচ্ছে। আমাদের গবেষণা এবং পর্যালোচনা থেকে দেখতে পাচ্ছি আমাদের দেশে উদ্যোগমূলক কাজের অগ্রগতি রোধ করছে সরকারি বেসরকারি পর্যায়ে প্রাতিষ্ঠানিক অসহযোগিতা, অবকাঠামোগত দুর্বলতা, আর্থিক এবং কারিগরি সহযোগিতার অভাব, দুর্নীতি, মানসিক বাধার মতো কয়েকটি প্রতিবন্ধকতা। ভবিষ্যত টেকসই উন্নয়ন নিশ্চিত করতে হলে উদ্যোগমূলক কাজের বিকল্প নেই। সমসাময়িক বাস্তবতা এবং পরিস্থিতির আলোকে দেখা যাচ্ছে আমাদের দেশে তরুণ সমাজের মাঝে উদ্যোগমূলক কাজের আগ্রহ বৃদ্ধি পাচ্ছে।

তুয়ার কণা খন্দকার বলেন, আমাদের দেশে উদ্যোগমূলক কাজের অনেক সম্ভাবনা আছে কিন্তু সেই সম্ভাবনাকে যথাযথভাবে কাজে লাগানো হচ্ছেনা। তৃণমূল পর্যায়ে যে পণ্য বা সেবা উৎপাদিত হচ্ছে সেগুলোকে মার্কেটের সাথে যথাযথ ভাবে যুক্ত করা হচ্ছেনা। মার্কেটের সাথে যদি উৎপাদিত পণ্যকে এবং ব্যবস্থাকে যুক্ত করা না যায় তাহলে আমাদের প্রচেষ্টা সফল হবেনা। তিনি আরো বলেন, আমাদের দেশে কিছু গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয় এবং বিশেষজ্ঞ মহল থেকেও বিভিন্ন প্রবন্ধ লিখা হচ্ছে, কিন্তু সমস্যা হচ্ছে সেই কাজগুলোকে সাধারণ মানুষের মাঝে বা তৃণমূল পর্যায়ে নিয়ে যাওয়া হচ্ছেনা।

মহিলা বিষয়ক অধিদপ্তরের সহকারী পরিচালক লাখসানা লাকী বলেন, বাংলাদেশের বর্তমান সরকার মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে দিন রাত কাজ করে যাচ্ছে। আমরা মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে নারী উদ্যোক্তাদের উদ্যোগমূলক কাজের জন্য আর্থিক এবং কারিগরি সহায়তা প্রদান করে যাচ্ছি। আমরা আমাদের পর্যবেক্ষণ থেকে দেখতে পেয়েছি বাংলাদেশে নারীদের এবং তরুণ সমাজের উন্নয়নের জন্য কাজ করার এখনো অনেক ক্ষেত্র বাকি রয়েছে। তিনি জোর দিয়ে বলেন আমাদের দেশের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে হলে দেশে উদ্যোগমূলক কাজের পরিবেশ নিশ্চিত করতে হবে এবং নারীদের এবং তরুণ সমাজকে এই সকল কাজের সাথে যুক্ত করতে হবে।